

জ্ঞানমূলক প্রশ্নঃ

- ১। বাংলাদেশের মণিপুরি সাহিত্যচর্চার পথিকৃৎ কবি কে?
- ২। চাকমারা পহেলা বৈশাখকে কী বলে?
- ৩। এ কে শেরাম কত সালে জন্মগ্রহণ করেন?
- ৪। ত্রিপুরা জনগোষ্ঠীর উৎসবের নাম কী?
- ৫। ‘মনিপুরি কবিতা’ গ্রন্থটি কার লেখা?
- ৬। সিলেট জেলায় কোন জাতিসত্তা বসবাস করে?
- ৭। ‘সোহরাই’ কী?
- ৮। ‘বৈসাবি’ কী?
- ৯। মনিপুরি সংস্কৃতির সবচেয়ে আকর্ষণীয় দিক কী?
- ১০। গারো সমাজ পরিবারে সম্পত্তির মালিক কে?
- ১১। পেশার দিক দিয়ে সাঁওতাল জনগোষ্ঠী কত ভাবে বিভক্ত?
- ১২। ‘বয়ন’ শব্দের অর্থ কী?
- ১৩। চাকমারা নিজেদের মধ্যে কী নামে পরিচিত?
- ১৪। কন্যাপণ কে চাকমারা কী বলে?
- ১৫। চাকমারা কোন ধর্মের অনুসারী?
- ১৬। মারমাদের সবচেয়ে বড় উৎসবের নাম কী?
- ১৭। সাংগ্রাই উৎসব কতদিন ধরে চলে?
- ১৮। চাকমা সমাজের প্রধান কে?
- ১৯। ময়মনসিংহে বাস করে কোন উপজাতি?
- ২০। সাঁওতাল সমাজের শ্রেষ্ঠ উৎসব কোনটি?

অনুধাবনমূলক প্রশ্নঃ

- ১। ‘বৈসাবি’ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
- ২। গারোদের পরিবারকে মাতৃসূত্রীয় বলা হয় কেন?
- ৩। ক্ষুদ্রজাতিসত্তা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।

সৃজনশীল প্রশ্ন

১। বাহার তার বন্ধু সঞ্জীবের সাথে একটি পার্বত্য অঞ্চলে বেড়াতে যায়। সেখানে গিয়ে সে জানতে পারে স্থানীয় লোকজন সবাই বৌদ্ধ ধর্মাবলম্বী, পিতৃতান্ত্রিক। তারা দেব-দেবীর পূজা করে এবং নববর্ষ এলে সাংগ্রাই উৎসব পালন করে। সেখানে কয়েকদিন থাকার পর তারা অন্যত্র বেড়াতে যায়। সেখানকার সমাজের প্রধান হলেন রাজা। গ্রামের প্রধান হলেন কারবারি। সেখানে পুরুষেরা ধুতি ও মহিলারা 'পিনন' পরিধান করে থাকে। পুরুষেরা নিজেদের তৈরি 'সিলুম' পরে। মেয়েরা খাদিকে ওড়না হিসেবে ব্যবহার করে।

ক. চাকমার পহেলা বৈশাখকে কী বলে আখ্যায়িত করে?

খ. পঞ্চগয়েতের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ — কেন?

গ. উদ্দীপকের প্রথম স্থানটি 'বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা' রচনার কোন জাতিসত্তাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।

ঘ. শেষ স্থানটি বাংলাদেশের একটি ক্ষুদ্র জাতিসত্তার বৈশিষ্ট্যকে ধারণ করে। উদ্দীপক ও রচনার আলোকে বিশ্লেষণ কর।